



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশিকা
(নবায়নকৃত)

সুজানগর উপজেলা

পাবনা জেলা

কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট

নবায়নকৃত উপজেলা নির্দেশিকা সিরিজ-৩২৪

প্রকাশনায় :

মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি মন্ত্রণালয়
কৃষি খামার সড়ক
ঢাকা-১২১৫।

প্রথম সংস্করণ :

কার্তিক, ১৩৯৭ বঙ্গাব্দ
নভেম্বর, ১৯৯০ খ্রিস্টাব্দ

দ্বিতীয় সংস্করণ :

বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ
এপ্রিল, ২০২০ খ্রিস্টাব্দ

মুদ্রণ :

আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ
জুন, ২০২০ খ্রিস্টাব্দ

মুদ্রণে :

ইউনাইটেড প্রিন্টার্স
১, আহসান আহমেদ রোড, খুলনা।
মোবাইল : ০১৭১৫-৪০৭৩৯৭

আর্থিক সহায়তায় :

কৃষি গবেষণা ফাউন্ডেশনের অর্থায়নে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক
বাস্তবায়নাধীন 'ডেভেলপমেন্ট অব উপজেলা ল্যান্ড সুইটেবিলিটি অ্যাসেসমেন্ট
এন্ড ক্রপ জোনিং সিস্টেম অব বাংলাদেশ' প্রকল্প।

সুজানগর উপজেলার ভূমি ও মৃত্তিকা সম্পদের সার-সংক্ষেপ

সুজানগর উপজেলার মোট আয়তন ৩৪,১৩৬ হেক্টর। এ উপজেলার ১০টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় ২০১১ সালের আদমশুমারী অনুযায়ী মোট ২,৭৮,০৯৬ জন লোক বাস করে। উপজেলাটি মৌসুমী জলবায়ুর অন্তর্গত 'গংগা পললভূমি' নামক ভূপ্রাকৃতিক অঞ্চল নিয়ে গঠিত। এ উপজেলা কৃষিজ উৎপাদনে অত্যন্ত সমৃদ্ধ এবং সারা বছর কোন না কোন ফসল মাঠে দেখতে পাওয়া যায়। উপজেলার চাষাবাদ প্রধানত বৃষ্টিনির্ভর হলেও উল্লেখযোগ্য অংশে পেঁয়াজ এবং রসুন জাতীয় ফসল এবং সেচযোগে আধুনিক জাতের বোরো, গম, ভুট্টা, আলু, শাকসজি ও মরিচের আবাদ করা হয়। বর্তমান সময়ে এ উপজেলায় ভুট্টা চাষ বেশ সম্প্রসারিত হয়েছে।

উপজেলার ভূমি, মৃত্তিকা এবং বর্তমান ফসল বিন্যাস-এর তথ্যাবলি নিম্নে দেয়া হলো।

(১) ভূমি শ্রেণির আয়তন ও শতকরা হার

ভূমি শ্রেণি	আয়তন (হেক্টর)	শতকরা হার
উঁচু জমি	৬,৭৯১	১৯.৯
মাঝারি উঁচু জমি	৯,৩৪৫	২৭.৪
মাঝারি নিচু জমি	৫,৯৪১	১৭.৪
নিচু জমি	৩,৪০১	১০.০
অতি নিচু জমি	৯০২	২.৬
বিবিধ (বসতবাটি ও অন্যান্য)	৭,৭৫৬	২২.৭
মোট	৩৪,১৩৬	১০০.০

(২) মৃত্তিকার উপরিস্তরের বুনটের আয়তন ও শতকরা হার

বুনট শ্রেণি	আয়তন (হেক্টর)	শতকরা হার
বেলে	৩৬২	১.১
বেলে দোআঁশ	৭২৪	২.১
দোআঁশ	৮,৪৪৮	২৪.৭
এটেল দোআঁশ	১০,৪৯৭	৩০.৮
এটেল	৬,৩৪৯	১৮.৬
বিবিধ (বসতবাটি ও অন্যান্য)	৭,৭৫৬	২২.৭
মোট	৩৪,১৩৬	১০০.০

(৩) ভূমি শ্রেণিভিত্তিক মৃত্তিকা দলের আয়তন ও শতকরা হার

ভূপ্রকৃতি	মৃত্তিকা দল	ভূমি শ্রেণি	আয়তন (হেক্টর)	শতকরা হার	
গংগা পললভূমি	সারা	উঁচু জমি	৪,০৬৫	১১.৯	
		মাঝারি উঁচু জমি	১,২২৫	৩.৬	
	গোপালপুর	উঁচু জমি	২,৩১২	৬.৮	
		মাঝারি উঁচু জমি	২,৪৫৩	৭.২	
	ঈশ্বরদী	মাঝারি উঁচু জমি	৩,০৭২	৯.০	
		মাঝারি নিচু জমি	১,২২৬	৩.৬	
	ঘিওর	মাঝারি উঁচু জমি	২,৫৯৫	৭.৬	
		মাঝারি নিচু জমি	৩,৫৮৯	১০.৫	
		নিচু জমি	১,৪৪৯	৪.২	
	বাটয়া	নিচু জমি	১,৬৩১	৪.৮	
		অতি নিচু জমি	৯০২	২.৬	
	গংগার বেলে মাটি	মাঝারি নিচু জমি	৫৬৩	১.৭	
		নিচু জমি	১৬১	০.৫	
	গংগার পলি মাটি	মাঝারি নিচু জমি	৫৬৩	১.৬	
		নিচু জমি	১৬০	০.৫	
		ভিটিমাটি	উঁচু জমি	৪১৪	১.২
		বিবিধ (বসতবাটি ও অন্যান্য)		৭,৭৫৬	২২.৭
		মোট		৩৪,১৩৬	১০০.০

(৪) রবিখন্ডে ভূপৃষ্ঠ থেকে পানি অপসারণ অবস্থা, আয়তন ও শতকরা হার

রবিখন্ডে ভূপৃষ্ঠ থেকে পানি অপসারণ অবস্থা	আয়তন (হেক্টর)	শতকরা হার
অতি আগাম (আশ্বিন মাসের মধ্যে পানি সরে যায়)	৬,৭৯১	১৯.৯
আগাম (কার্তিক মাসের মধ্যে পানি সরে যায়)	৬,৭৫০	১৯.৮
স্বাভাবিক (অগ্রহায়ণ মাসের মধ্যে পানি সরে যায়)	৮,১৮৭	২৩.০
দেরি (পৌষ মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে পানি সরে যায়)	৩,০৮০	৯.০
অতি দেরি (পৌষ মাসের দ্বিতীয় সপ্তাহের পরে পানি সরে যায়)	৯০২	২.৬
বিবিধ (বসতবাটি ও অন্যান্য)	৭,৭৫৬	২২.৭
	মোট	৩৪,১৩৬

(৫) নিকাশন শ্রেণি অনুযায়ী ভূমির আয়তন ও শতকরা হার

নিকাশন শ্রেণি	আয়তন (হেক্টর)	শতকরা হার
কিঞ্চিৎ মন্দ নিকাশিত জমি (মাটি থেকে পানি মন্দ বা ধীর গতিতে নিকাশিত হয়)	৬,৭৯১	১৯.৯
মন্দ নিকাশিত জমি (বর্ষাকালে এক নাগাড়ে ১৫ দিন থেকে ৭/৮ মাস পানি জমে থাকে)	১৯,৫৮৯	৫৭.৪
বিবিধ (বসতবাটি ও অন্যান্য)	৭,৭৫৬	২২.৭
	মোট	৩৪,১৩৬

(৬) প্রধান প্রধান বর্তমান ফসল বিন্যাসের আয়তন ও শতকরা হার

বর্তমান ফসল বিন্যাস	আয়তন (হেক্টর)	শতকরা হার
সাংবাৎসরিক ফসল (আখ/কলা/আদা/হলুদ)		
রবিশস্য - পাট/ঘাস/তিল/রোপা আউশ (আধুনিক)- রোপা আমন (আধুনিক)	৪৫৫	১.৩
সরিষা/পিঁয়াজ/আলু - বোরো (আধুনিক) - রোপা আমন (আধুনিক)	৬,১৪৭	১৮.০
রবিশস্য - বোনা আউশ - রোপা আমন (আধুনিক)	১,৮৪৩	৫.৪
বোরো (আধুনিক) - পাট/তিল - রোপা আমন (আধুনিক)	২৩৯	০.৭
রবিশস্য - রোপা আউশ (আধুনিক) - বোনা আমন	৫৭৮	১.৭
রবিশস্য - পাট/তিল - বোনা আমন	৬৪৯	১.৯
বোরো (আধুনিক) - পতিত- রোপা আমন (আধুনিক)	১,৭৯৪	৫.৩
বোরো (আধুনিক) - পতিত- বোনা আমন	২,৫৮৫	৭.৬
পাট - বোনা আমন	৭২৫	২.১
রবি ও খরিফ শাকসজ্জি	৩৬১	১.১
রবিশস্য - পতিত - রোপা আমন (আধুনিক)	১,১৭১	৩.৪
রবিশস্য - বোরো (আধুনিক) - পতিত	১,২০৯	৩.৫
রবিশস্য - পাট/তিল/রোপা আউশ (আধুনিক) - পতিত	৪০৬	১.২
রবিশস্য - পতিত - বোনা আমন	২,২৬০	৬.৬
রবিশস্য - রোপা আউশ (আধুনিক) - পতিত	৬৭৫	২.০
রবিশস্য - পতিত- পতিত	৯৭৩	২.৯
বোরো (আধুনিক) - পতিত- পতিত	১,৪১৯	৪.২
রবি শাকসজ্জি	২,৪৮৯	৭.৩
পতিত	৮০	০.২
বিবিধ (বসতবাটি ও অন্যান্য)	৩২২	০.৯
	৭,৭৫৬	২২.৭
মোট	৩৪,১৩৬	১০০.০

সুজানগর উপজেলাটি মৌসুমী জলবায়ুর অন্তর্গত “উচ্চ গংগা পললভূমি” (১১) এবং “সক্রিয় গংগা পললভূমি” (১০) নামক ২টি কৃষি-পরিবেশ অঞ্চল নিয়ে গঠিত। এ উপজেলায় মৃত্তিকা দল ও ভূমি শ্রেণি অনুসারে প্রতি ২০০ হেক্টরে ১টি মৃত্তিকা নমুনা হিসাবে মোট ১৫৪টি মৃত্তিকা নমুনা সংগ্রহপূর্বক রাসায়নিক বিশ্লেষণ করা হয়। বিশ্লেষিত ফলাফলে লক্ষ্য করা যায় যে, এ উপজেলার মাটিতে নাইট্রোজেন, ফসফরাস, পটাসিয়াম, গন্ধক এবং কোথাও কোথাও দস্তা ও জৈব পদার্থের ঘাটতি রয়েছে। ২০১৯ সালে জরিপকালীন সময়ে এ উপজেলায় প্রধান প্রধান ১৯টি ফসল বিন্যাস শনাক্ত করা হয়েছে। এ উপজেলায় পেঁয়াজ, রসুন, সরিষা, ভুট্টা ও বোরো ইত্যাদি ফসলের প্রাধান্য আছে। তাছাড়াও এলাকায় সাংবাৎসরিক ফসল- আদা, হলুদ, ইক্ষু, কলার চাষ করা হয়। ভূগর্ভস্থ পানি ব্যবহার করে অধিকাংশ এলাকা সেচের আওতায় আনা হয়েছে। তাঁতিবন্দ, আহম্মদপুর, দুলাই, রানীনগর, হাটখালী, মানিকহাট ও সাগরকান্দি ইউনিয়নে গাজনার বিলসহ বেশ কিছু বিল ও মজা পুকুর/খাল রয়েছে। খাল, বিল, পুকুর ও জলমহাল ব্যবহার করে মৎস্য চাষের ব্যাপক সম্প্রসারণের সম্ভাবনা রয়েছে। উপজেলার পশ্চিম ও দক্ষিণাংশে সীমানা বরাবর পদ্মা নদী, উত্তর ও পূর্বাংশে আত্রাই নদী ও মধ্যাংশ বরাবর বাদাই নদী ও গন্ডহস্তি বিল প্রবাহিত হয়েছে। উক্ত নদী ও বিলসমূহের ভূপৃষ্ঠস্থ পানি সংরক্ষণ করে সেচ ব্যবস্থার প্রসার ঘটিয়ে ফসলের নিবিড়তা বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করা আবশ্যিক।